অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/18/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পুরো নিউ ইয়র্কে 1,800 এর বেশি বাসা নির্মাণ ও সংরক্ষণ করার জন্য 260 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করলেন

সাশ্রয়ী আবাসন সরবরাহ সুরক্ষিত রাখতে ও সম্প্রসারিত করতে, সমর্থক সেবা প্রদান করতে, এবং স্থানীয় বিকাশ উদ্যোগকে সহায়তা করতে তহবিলটি স্টেটব্যাপী প্রায় 30টি প্রকল্পকে সমর্থন করবে

আবাসন সরবরাহ বৃদ্ধির মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সঙ্কট সমাধান করতে গভর্নর হোকলের এজেন্ডার অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে পুরো নিউ ইয়র্ক স্টেটে 29টি ডেভেলপমেন্টে 1,852টি সাশ্রয়ী, সমর্থক, এবং টেকসই বাসা তৈরি বা সংরক্ষণ করার জন্য কর ক্রেডিট এবং ভর্তুকির মাধ্যমে 260 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হচ্ছে। প্রকল্পসমূহ প্রত্যেক অঞ্চলে আবাসন সরবরাহকে সম্প্রসারিত বা সুরক্ষিত করবে, সরকারি আবাসনের হালনাগাদকরণ ও আধুনিকায়ন করবে, স্থানীয় অর্থনৈতিক বিকাশ উদ্যোগসমূহকে অগ্রসর করবে, এবং স্টেটের জলবায়ু লক্ষ্যকে অগ্রসর করে এমন টেকসই বৈশিষ্ট্য যোগ করবে। এছাড়াও তহবিলটি আবাসন সরবরাহ বৃদ্ধির মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সঙ্কট সমাধান এবং আবাসনের ব্যয় হ্রাস করতে গভর্নর হোকলের সার্বিক এজেন্ডার অনুবর্তী।

"নিউ ইয়র্কের আবাসন সঙ্কট সমাধান করার এবং পরিবারের জন্য ব্যয় হ্রাস করার একমাত্র পন্থা হলো আমাদের স্টেটের প্রত্যেক অঞ্চলে বাসা নির্মাণ ও সংরক্ষণ অব্যাহত রাখা," **গভর্নর হোকল বলেন।** "এই তহবিলের মাধ্যমে আমরা নিউ ইয়র্কের আবাসন সম্ভাবনা উন্মোচন করতে আমাদের এজেন্ডাকে সামনে অগ্রসর করছি, এবং সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে নিরাপদ, স্থিতিশীল, এবং সাশ্রয়ী বাসা থাকে তা নিশ্চিত করতে বিধিমালার সাথে আমরা ঘনিষ্ঠভাবে কাজ করে যাবো।"

আজকে ঘোষিত তহবিল হলো গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার অংশ যা পুরো নিউ ইয়র্কে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000টি থাকবে, সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

অর্থায়ন বরাদ্দ করবে নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR), যারা ফেডারেল ও স্টেটের নিম্ন আয়ের আবাসন

কর ক্রেডিটের (Low Income Housing Tax Credits) মাধ্যমে 56 মিলিয়ন মার্কিন ডলার এবং 204 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি প্রদান করছে। অতিরিক্ত বেসরকারি তহবিল ও সংস্থানের সাথে যুক্ত হয়ে, তহবিল প্রাপ্ত প্রকল্পসমূহ 840 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সার্বিক বিনিয়োগ তৈরি করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে।

সকল প্রকল্প HCR এর টেকসই দশার মানদণ্ড পূরণ করে, যা অপেক্ষাকৃত স্বাস্থ্যকর জীবনযাপনের পরিবেশের প্রচার করে এবং নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (New York State Climate Leadership and Community Protection Act) নির্ধারিত লক্ষ্যসমূহকে সমর্থন করে। অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহের অধিকাংশ পরিচ্ছন্ন শক্তি উদ্যোগ (Clean Energy Initiative, CEI) থেকে পাওয়া মোট 11 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করবে, এটি HCR এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) মধ্যকার একটি অংশীদারিত্ব যা আরো বেশি মাত্রার টেকসই দশা এবং কার্বন হ্রাস অর্জনের চেষ্টা করে।

পাশাপাশি, ডেভেলপমেন্টগুলি বাসিন্দাদের জন্য বিনামূল্যের ব্রডব্যান্ড সেবা প্রদান করবে যা গভর্নরের কানেক্টALL (ConnectALL) উদ্যোগের অনুবর্তী, এটি সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে উচ্চগতির ইন্টারনেট প্রদান করতে এবং নিম্নতর আয়ের নিউ ইয়র্কবাসীদের ডিজিটাল বিভক্তি নির্মূল করতে ঐতিহাসিক বিনিয়োগ করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "আজকে ঘোষিত 260 মিলিয়ন মার্কিন ডলার হলো আমাদের 25 বিলিয়ন মার্কিন ডলার আবাসন পরিকল্পনার অংশ এবং এর ফলে সাশ্রয়ী, সমর্থক, শক্তি দক্ষ বাসা পাওয়া যাবে যা 1,800 এর বেশি ব্যক্তি, পরিবার ও দুঃস্থ নিউ ইয়র্কবাসীর জীবন উন্নত করবে এবং একই সাথে স্টেটের প্রত্যেক অঞ্চলের সম্প্রদায়সমূহকে বলীয়ান করবে। নিউ ইয়র্কের ঐতিহাসিক আবাসন ঘাটতির কারণে প্রাণবন্ত সম্প্রদায়ে মানসম্পন্ন বাসা খুঁজে পাওয়া অন্য যেকোনো সময়ের থেকে বেশি কঠিন হয়ে গেছে। আবাসন সরবরাহ বৃদ্ধি করতে, স্বাস্থ্যসেবা ও চাইল্ডকেয়ারের মতো অত্যাবশ্যকীয় সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারণ করতে, এবং পুরো নিউ ইয়র্কে স্থানীয় অর্থনীতির বিকাশের প্রয়াসকে সমর্থন করতে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির কারণে তাকে ধন্যবাদ। এই 29টি ডেভেলপমেন্টকে বাস্তব হতে দেখার জন্য আমরা উন্মুখ।"

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "বাসিন্দারা বিশ্বাস, কাজ ও আনন্দ করতে পারবে এমন মানসম্পন্ন, পরিচ্ছন্ন এবং স্থিতিস্থাপক স্থান পাওয়ার সমান সুযোগ হলো স্বাস্থ্যকর এবং টেকসই সম্প্রদায়ের জন্য মৌলিক প্রয়োজন, এবং আজকের ঘোষণা নিউ ইয়র্ক স্টেটের ভবিষ্যতের প্রতিনিধিত্ব করে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, স্টেট সার্বিক ভবন কৌশলের মাধ্যমে পুনরুজ্জীবিত হচ্ছে যা পরিচ্ছন্ন শক্তিকে অন্তর্গত করবে এবং একই সাথে ক্ষতিকর কার্বন নিঃসরণ হ্রাস করবে যাতে আমাদের পরিবেশ ও প্রাকৃতিক সংস্থানকে আগামী প্রজন্মসমূহের জন্য নিরাপদ রাখা যায়।"

প্রকল্পসমূহের মধ্যে রয়েছে:

<u>রাজধানী অঞ্চল</u>

গ্রিন কাউন্টির ট্যানার্সভিলের কোল্ড স্প্রিংয়ের জন্য 10.6 মিলিয়ন মার্কিন ডলার। একটি প্রাক্তন হোটেলকে ভেঙ্গে ফেলা হবে এবং একটি 56 ইউনিটের কর্মীবাহিনীর জন্য হাউজিং ডেভেলপমেন্ট দ্বারা প্রতিস্থাপিত করা হবে, যেখানে RUPCO নির্মিত 15 ইউনিটের বয়স্কদের আবাসন থাকবে। প্যাসিভ হাউজ প্রত্যয়ন অর্জনের প্রয়াসে প্রকল্পটি 420,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

ওয়ারেন কাউন্টির গ্লেনস ফলসে সাউথ স্ট্রিট অ্যাপার্টমেন্টসের জন্য 6.6 মিলিয়ন মার্কিন ডলার। 70 ইউনিটের মিশ্র আয়ের ডেভেলপমেন্টটিতে অক্ষমতাসহ ব্যক্তিদের জন্য সমর্থক সেবাসহ 11টি ইউনিট থাকবে। ডেভেলপমেন্টে এছাড়াও থাকবে একটি কমিউনিটি সার্ভিসেস ফ্যাসিলিটি যা ক্যারিয়ার প্রশিক্ষণ এবং কর্মীবাহিনী বিকাশের সুযোগ প্রদানের জন্য SUNY অ্যাডিরন্ড্যাক কর্তৃক ব্যবহৃত হবে। নির্মাতা হলো স্প্রিং সিটি ডেভেলপমেন্ট গ্রুপ। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 385,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

অ্যালবানি কাউন্টির কলোনিতে দ্য হাভেন অ্যাট লাথামের জন্য 9.4 মিলিয়ন মার্কিন ডলার। 65 ইউনিটের মিশ্র আয়ের ডেভেলপমেন্টটিতে অক্ষমতাসহ ভেটেরানদের জন্য অনসাইট সমর্থন সেবাসহ 10টি অ্যাপার্টমেন্ট থাকবে। নির্মাতা হলো ডাকোটা পার্টনার্স। প্যাসিভ হাউজ প্রত্যয়ন অর্জনের প্রয়াসে প্রকল্পটি 357,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

অ্যালবানি সিটির কোলভিন অ্যাভিনিউ অ্যাপার্টমেন্টসের জন্য 8.7 মিলিয়ন মার্কিন ডলার। 63 ইউনিটের মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টটি গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের জন্য 11টি অ্যাপার্টমেন্ট, এবং সেই সাথে বাণিজ্যিক স্থাপন প্রদান করবে। নির্মাতা হলো রিগান ডেভেলপমেন্ট কর্পোরেশন।স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 346,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

অ্যালবানি সিটির ক্লিন্টন স্কয়ার স্টুডিওজের জন্য 5.4 মিলিয়ন মার্কিন ডলার। 57 ইউনিটের মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টটিতে রয়েছে শিল্পীদের জন্য প্রদর্শনীর স্থান এবং সেই সাথে ক্যাপিটাল রিপারটরি থিয়েটারের পারফর্মারদের জন্য অস্থায়ী আবাসন। নির্মাতা হলো ইক্যুইটি রেসিডেন্সিয়াল ডেভেলপমেন্ট, এলএলসি। প্যাসিভ হাউজ প্রত্যয়ন অর্জনের প্রয়াসে প্রকল্পটি 427,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

<u>সেন্ট্রাল NY</u>

ক্যাইয়ুগা কাউন্টির অবার্নের অলিম্পিয়া টেরেসের জন্য 7.8 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি 3D ডেভেলপমেন্ট গ্রুপের সাথে অংশীদারিত্বে 13টি ভবনে অবার্ন হাউজিং অথোরিটির পরিচালিত 50 ইউনিট সরকারি আবাসনকে পুনর্বাসিত করবে। সম্পূর্ণ ভবনে বিদ্যুতায়ন ও স্ট্রেচ এনভেলপ ও ভেন্টিলেশন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 1,250,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

সিরাকিউজ সিটির ইস্টউড হাইটসের জন্য 11.5 মিলিয়ন মার্কিন ডলার। সিরাকিউজ হাউজিং অথোরিটি পরিচালিত একটি বিদ্যমান বয়স্কদের হাউজিং ডেভেলপমেন্টকে সংরক্ষণ করা হবে এবং 49 ইউনিট থেকে সম্প্রসারিত করে 53 ইউনিট করা হবে, এটি রচেস্টারের কর্নারস্টোন গ্রুপের সাথে অংশীদারিত্বে করা হবে। সম্পূর্ণ ভবনে বিদ্যুতায়ন প্রত্যয়ন অর্জনের প্রয়াসে প্রকল্পটি 662,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

ফিঙ্গার লেকস

রোচেস্টার সিটির বীচউড ফ্যামিলি অ্যাপার্টমেন্টসের জন্য 8.4 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি পুরো রচেস্টারের বীচউড এলাকায় ছড়িয়ে ছিটিয়ে থাকা পরিত্যক্ত সাইটে 21টি ভবনে 54টি নতুন বাসা তৈরি করবে। সেবার প্রয়োজন আছে এমন পরিবারের জন্য সমর্থক আবাসন হিসেবে বারোটি অ্যাপার্টমেন্ট পৃথক করে রাখা হবে। ডেভেলপার হল হোম লিজিং LLC (Home Leasing LLC)। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 297,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

অন্টারিও কাউন্টির ক্রিকভিউ অ্যাপার্টমেন্টস II এর জন্য 2.6 মিলিয়ন মার্কিন ডলার নয়টি দুইতলা ভবনে 72টি অ্যাপার্টমেন্ট নিয়ে ডেভেলপমেন্টটি গঠিত হবে, যার মধ্যে শারীরিক অক্ষমতাসহ ব্যক্তিদের জন্য আটটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত রাখা হবে। ক্রিকভিউ অ্যাপার্টমেন্টস NYSERDA বিল্ডিংস অফ এক্সিলেন্স পুরস্কার পেয়েছে এবং অনসাইটে সৌর বিদ্যুৎ এবং জিওথার্মাল হিটিং ব্যবস্থা যোগ করার মাধ্যমে এটি প্যাসিভ হাউজ মানদণ্ড পূরণ করবে। নির্মাতা হলো ব্যাল্ডউইন রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট।

রোচেস্টার সিটির ট্রু নর্থ অ্যাপার্টমেন্টসের জন্য 12.8 মিলিয়ন মার্কিন ডলার। ডেভেলপমেন্টটি মোট 70টি অ্যাপার্টমেন্টসহ দুইটি আবাসিক সাইট নিয়ে গঠিত হবে, যেখানে দীর্ঘদিন গৃহহীন থাকা গৃহস্থালি ও বয়স্কদের জন্য 35টি সমর্থক ইউনিট থাকবে, এবং একটি আউটপেশেন্ট ওয়েলনেস ক্লিনিক থাকবে যার সেবা সম্পূর্ণ সম্প্রদায়ের জন্য উপলভ্য থাকবে। নির্মাতা হলো ডিপল প্রোপার্টিজ ইনকর্পোরেটেড। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 385,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

রোচেস্টার সিটির চার্চভিউ কমন্সের জন্য 9 মিলিয়ন মার্কিন ডলার। 45 ইউনিটের ডেভেলপমেন্টটিতে থাকবে সমর্থক সেবার প্রয়োজন আছে এমন গৃহহীন ব্যক্তি ও পরিবারের জন্য পৃথক করে রাখা 24টি অ্যাপার্টমেন্ট। নির্মাতা হলো পাথস্টোন হাউজিং অ্যাকশন ইনকর্পোরেটেড। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 247,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

মনরো কাউন্টির হেনরিয়েটার সাউথরিজ ল্যান্ডিংয়ের জন্য 11.5 মিলিয়ন মার্কিন ডলার। মিশ্র আয়ের ডেভেলপমেন্টটিতে থাকবে 62টি অ্যাপার্টমেন্ট, যার মধ্যে ডাকোটা পার্টনার্সের থেকে সমর্থক সেবার প্রয়োজন থাকা পরিবারসমূহের জন্য 20টি পৃথক করে রাখা হবে। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 341,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

লং আইল্যান্ড

নাসাউ কাউন্টির রকভিল সেন্টারের রকভিল ম্যানরের জন্য 7.5 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি বয়স্কদের জন্য বিদ্যমান রকভিল সেন্টার হাউজিং অথোরিটিকে সংরক্ষণ করবে ও 50 ইউনিট থেকে 56 ইউনিটে সম্প্রসারিত করবে। নির্মাতাদের দলে রয়েছে D&F ডেভেলপমেন্ট গ্রুপ এবং রকভিল রিডেভেলপমেন্ট কর্পোরেশন। সম্পূর্ণ ভবনে বিদ্যুতায়ন প্রত্যয়ন অর্জনের প্রয়াসে প্রকল্পটি 625,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

সাফোক কাউন্টির ব্রুকহাভেনের মেডফোর্ড গার্ডেন্সের জন্য 13.2 মিলিয়ন মার্কিন ডলার। মেডফোর্ড গার্ডেন্স 55 বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীর জন্য 67টি অ্যাপার্টমেন্ট প্রদান করবে, যার মধ্যে 33টি সমর্থক ইউনিট থাকবে। নির্মাতা হলো ওয়েললাইফ নেটওয়ার্ক।

মিড-হাডসন

ডাচেস কাউন্টির রাইনবেকের লোকাস্ট হিলের জন্য 5.4 মিলিয়ন মার্কিন ডলার। লোকাস্ট হিলে চারটি নতুনভাবে নির্মিত ভবনে 80টি অ্যাপার্টমেন্ট থাকবে। নির্মাতা হলো কিয়ারনি রিয়েলটি অ্যান্ড ডেভেলপমেন্ট গ্রুপ, ইনকর্পোরেটেড। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 440,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

পুটন্যাম কাউন্টির কার্মেলের রিজার্ভয়ের প্লেসের জন্য 4.6 মিলিয়ন মার্কিন ডলার। পাঁচটি ভবনের 75 ইউনিটের ডেভেলপমেন্টটি বর্তমানে নির্মাণাধীন হ্যামলেট অ্যাট কার্মেল প্রকল্প সংলগ্ন একটি খালি জমিতে নির্মাণ করা হবে। কমপ্লেক্সটি নির্মাণ করবে কিয়ারনি রিয়েলটি অ্যান্ড ডেভেলপমেন্ট গ্রুপ, ইনকর্পোরেটেড, এবং হাউজিং অ্যাকশন কাউন্সিল। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 440,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

আলস্টার কাউন্টির নিউ প্যাল্টজের হারমোনি হলের জন্য 6.6 মিলিয়ন মার্কিন ডলার। 51 ইউনিটের প্রকল্পটি 62 বছর এবং তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য হবে। নির্মাতা হলো রকাবিল ডেভলপমেন্ট, এলএলসি, এবং অ্যাফোর্ডেবল হাউজিং কনজারভেন্সি। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 382,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

ডাচেস কাউন্টির পকিপ্সির অ্যাডমিরাল হ্যালসি সিনিয়র ভিলেজ II এর জন্য 8.6 মিলিয়ন মার্কিন ডলার। অ্যাডমিরাল হ্যালসির 72 ইউনিটের দ্বিতীয় পর্যায়টি প্রথম পর্যায়ের সংলগ্ন একটি খালি জমিতে নির্মাণ করা হবে। অর্ধেক অ্যাপার্টমেন্ট সমর্থক সেবার প্রয়োজন আছে এমন বয়স্কদের জন্য থাকবে। নির্মাতা হলো পাথস ডেভেলপমেন্ট, এলএলসি, এবং হাডসন রিভার হাউজিং।

মোহক ভ্যালি

ওনিডা কাউন্টির রোমে সিনিয়র হাউজিং অ্যাট দ্য বীচেসের জন্য 5.8 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি একটি ঐতিহাসিক, খালি মোটেলকে একটি 47 ইউনিট মিশ্র আয়ের বয়স্কদের জন্য ডেভেলপমেন্টে রূপান্তরিত করবে। প্রকল্পটি নির্মাণ করবে সেন্ট্রাল নিউ ইয়র্ক ভিজিটিং নার্স অ্যাসোসিয়েশন ইনকর্পোরেটেড। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 426,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

নিউ ইয়র্ক সিটি

কুইন্সের ফার রকাওয়ের 19-19 কর্নাগা অ্যাভিনিউয়ের জন্য 12.7 মিলিয়ন মার্কিন ডলার। মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টটিতে থাকবে 92টি অ্যাপার্টমেন্ট, সেখানে অনসাইট সমর্থক সেবাসহ 60 ইউনিট, এবং জোসেফ পি অ্যাডাবো ফ্যামিলি হেলথ সেন্টার থাকবে। নির্মাতা হলো ব্রিসা বিল্ডার্স ডেভেলপমেন্ট, এলএলসি।

ব্রুকলিনের 1546 ইস্ট নিউ ইয়র্ক অ্যাভিনিউয়ের জন্য 15.4 মিলিয়ন মার্কিন ডলার। 1546 ইস্ট নিউ ইয়র্ক অ্যাভিনিউতে থাকবে 57টি সমর্থক সেবাসহ ইউনিটসহ 95টি

অ্যাপার্টমেন্ট, এবং একটি স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটি। নির্মাতা হলো জেনোলিথ পার্টনার্স, এলএলসি এবং নিউ ইয়র্ক ফ্যামিলি সার্ভিসেস নেটওয়ার্ক ইনকর্পোরেটেড। প্যাসিভ হাউজ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 522,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

নর্থ কান্ট্রি

জেফার্সন কাউন্টির ওয়াটারটাউনের অ্যাপার্টমেন্টস অ্যাট মিল অ্যান্ড মেইনের জন্য 13.4 মিলিয়ন মার্কিন ডলার। ডেভেলপমেন্টটি ডাউনটাউন ওয়াটারটাউনে একটি বর্তমানে খালি জমিতে 63টি নতুন অ্যাপার্টমেন্ট তৈরি করবে, যার মধ্যে অক্ষমতাসহ ব্যক্তিদের জন্য সমর্থক সেবাসহ 31টি অ্যাপার্টমেন্ট থাকবে। নির্মাতা হলো নেইবার্স অফ ওয়াটারটাউন ইনকর্পোরেটেড। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 346,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

সাউদার্ন টিয়ার

ব্রুম কাউন্টির ইউনিয়নে হুপার রোড অ্যাপার্টমেন্টসের জন্য 14.9 মিলিয়ন মার্কিন ডলার। ডেভেলপমেন্টটিতে একটি চারতলা ভবনে 80টি অ্যাপার্টমেন্ট থাকবে, যার মধ্যে বয়স্ক নিউ ইয়র্কবাসীদের জন্য সমর্থক সেবাসহ 40 ইউনিট এবং LGBTQ+ গৃহস্থালির জন্য লীজ প্রদানের অগ্রাধিকারসহ আটটি অ্যাপার্টমেন্ট থাকবে। নির্মাতা হলো CDS মোনার্ক। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 440,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

ব্রুম কাউন্টির জনসন সিটিতে হোমস্টিডস অন গ্র্যান্ডের জন্য 9.7 মিলিয়ন মার্কিন ডলার। মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টটিতে থাকবে 72টি নতুন অ্যাপার্টমেন্ট, যার মধ্যে গৃহহীন ব্যক্তি ও পরিবারের জন্য সমর্থক সেবাসহ 12টি ইউনিট থাকবে, এবং বাণিজ্যিক স্থান থাকবে। হোমস্টিডস অন গ্র্যান্ড নির্মাণ করছে রিগান ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং SEPP, ইনকর্পোরেটেড। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 396,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

বাফেলো সিটির প্লেটার গার্ডেন্স অ্যাট দ্য মার্কেটের জন্য 7.6 মিলিয়ন মার্কিন ডলার। ইনফিল ডেভেলপমেন্টটিতে ছড়িয়ে ছিটিয়ে থাকা অবস্থানের এগারোটি ভবনে 73টি অ্যাপার্টমেন্ট থাকবে। অর্ধেকের বেশি অ্যাপার্টমেন্ট 18 থেকে 25 বছরের মধ্যে গৃহহীন কমবয়সী ব্যক্তিদের জন্য পৃথক করে রাখা হবে, যার মধ্যে ফস্টার কেয়ারে প্রাপ্তবয়স্ক হওয়া কমবয়সীদের জন্য দশটি অ্যাপার্টমেন্ট পৃথক করে রাখা হবে। নির্মাতা হলো স্টুয়ার্ট অ্যালেক্সান্ডার অ্যান্ড অ্যাসোসিয়েটস ইনকর্পোরেটেড। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 401,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

ইরি কাউন্টির হ্যামবার্গে জুনিপার অ্যাপার্টমেন্টসের জন্য 13.9 মিলিয়ন মার্কিন ডলার। জুনিপার অ্যাপার্টমেন্টসে 65টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট থাকবে, যার মধ্যে বয়স্ক নিউ ইয়র্কবাসীদের জন্য 16টি পৃথক করে রাখা হবে, যার মধ্যে সাতটি জরাগ্রস্ত বয়স্ক জনগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে। নির্মাতা হলো পিপল কমিউনিটি হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 487,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

বাফেলো সিটির থ্যাঙ্কফুল গার্ডেন্সের জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি 20টি অ্যাপার্টমেন্ট তৈরি করার জন্য দুইটি নতুন ভবন নির্মাণ করবে এবং একটি বিদ্যমান বাসাকে পুনর্বাসিত করবে, এর মধ্যে সবগুলি গৃহহীনতা এবং মাদক অপব্যবহার ব্যাধিতে ভুগতে থাকা গৃহস্থালির জন্য সমর্থক সেবাসম্পন্ন হবে। নির্মাতা হলো থ্যাঙ্কফুল কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশন।

শ্যাটাকোয়া কাউন্টির সিলভার ক্রিকে সিলভার ক্রিক সিনিয়র হাউজিংয়ের জন্য 6.9 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটিতে একটি জর্জরিত স্কুল ভেঙ্গে ফেলা হবে এবং একটি 54 ইউনিটের নতুন বয়স্কদের হাউজিং ডেভেলপমেন্ট নির্মাণ করা হবে। ডেভেলমেন্টের পনেরটি অ্যাপার্টমেন্ট গৃহহীনতায় ভুগতে থাকা বয়স্কদের জন্য পৃথক করে রাখা হবে। নির্মাতা হলো পার্ক গ্রোভ ডেভেলপমেন্ট এলএলসি, এবং সাউদার্ন টিয়ার এনভায়রনমেন্টস ফর লিভিং, ইনকর্পোরেটেড। স্ট্রেচ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 297,000 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

নায়াগ্রা কাউন্টির দ্য নেস্ট ইন নায়াগ্রা ফলসের জন্য 7.2 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটিতে একটি পরিত্যক্ত বাণিজ্যিক স্থানকে ভেঙ্গে ফেলা হবে এবং 73টি নতুন অ্যাপার্টমেন্ট নির্মাণ করা হবে, যার মধ্যে প্রয়োজন আছে এমন পরিবারের জন্য সমর্থক সেবাসহ 18টি ইউনিট থাকবে, এবং নিচতলায় বাণিজ্যিক স্থান থাকবে। নেস্ট নির্মাণ করছে কমিউনিটি সার্ভিসেস ফর এভরি1, ইনকর্পোরেটেড এবং এজমেয়ার ডেভেলপমেন্ট। প্যাসিভ হাউজ প্রত্যয়ন লক্ষ্য অর্জনের প্রয়াসে প্রকল্পটি 547,500 মার্কিন ডলার CEI তহবিল পাবে।

প্রতিনিধি জো মোরেল বলেন, "বাসা বলার মতো একটি নিরাপদ, সুরক্ষিত স্থান প্রত্যেক মানুষের প্রাপ্য। কিন্তু দুঃখজনক হলো এই বাস্তবতা এখনো বহু মানুষের নাগালের বাইরে রয়েছে। রচেস্টারে 40 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগসহ ফিঙ্গার লেকস অঞ্চলজুড়ে সাশ্রয়ী আবাসনে এই উল্লেখযোগ্য বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ। সকলের কাছে যাতে শুধু টিকে থাকার নয়, বরং সমৃদ্ধির সুযোগ থাকে তা নিশ্চিত করার জন্য একত্রে আমাদের কাজ অব্যাহত রাখতে আমি উন্মুখ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন